



ডিএনসিসি প্রশাসক এজাজের বিরুদ্ধে দুদকের দুর্নীতি তদন্ত শুরু



সংগৃহীত ছবি

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মোহাম্মদ এজাজের বিরুদ্ধে গুরুতর অনিয়ম ও দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে আনুষ্ঠানিকভাবে অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বৃহস্পতিবার (২৭ নভেম্বর) দুদক পরিচালক ঈশিতা রনি স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দুদকের চিঠিতে বলা হয়েছে—ক্ষমতার অপব্যবহার, বিভিন্ন ক্ষেত্রে অনিয়ম, দুর্নীতি ও ঘুষ গ্রহণের অভিযোগে প্রশাসক এজাজের বিরুদ্ধে প্রাথমিক অনুসন্ধান প্রয়োজন বলে কমিশন মনে করছে।

এর আগে বিভিন্ন গণমাধ্যমে কোরবানির পণ্ডর হাটের ইজারা, ব্যাটারিচালিত রিকশা চালুর অনুমোদনসহ একাধিক ক্ষেত্রে প্রশাসক এজাজের সরাসরি সংশ্লিষ্টতা ও অনিয়মের অভিযোগ উঠে আসে। এসব প্রতিবেদন থেকে বিষয়টি আলোচনায় আসে এবং শেষ পর্যন্ত দুদক তদন্তে নামছে। গণঅভ্যুত্থানে হাসিনা সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকার সারাদেশের ১২টি সিটি করপোরেশনের মেয়রসহ মোট ১,৮৭৩ জন নির্বাচিত প্রতিনিধিকে বরখাস্ত করে। পরে এ বছরের ফেব্রুয়ারিতে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার মোহাম্মদ এজাজকে ডিএনসিসির প্রশাসক হিসেবে নিয়োগ দেয়। এখনো তিনি সেই দায়িত্বে বহাল আছেন।